

ঢাকা ওয়াসা

- ১ আউটসোর্সিং এর মাধ্যমে ৭০ (সত্তর) জন জনবল নিয়োগের অনুমোদিত নোট শীট এর কপি।
- ২ আউটসোর্সিং এর মাধ্যমে ৭০ (সত্তর) জন জনবল নিয়োগের চুক্তিপত্রের কপি।
- ৩ আউটসোর্সিং এর মাধ্যমে ৭০ (সত্তর) জন জনবল নিয়োগের কার্যাদেশপত্র এর কপি।
- ৪ ঠিকাদার কর্তৃক নিয়োজিত জনবলের ত্রৈমাসিক কার্যমূল্যায়নের কপি।
- ৫ চুক্তি বৃদ্ধির ব্যাপারে মতামত জানতে চেয়ে ঠিকাদার বরাবর প্রেরিত পত্রের কপি।
- ৬ ঠিকাদার হতে প্রাপ্ত সম্মতি জ্ঞাপন পত্রের কপি।
- ৭ গত ১০/০৬/২০১৯ ইং তারিখে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্র।
- ৮ পিপিআর-২০০৮ এর ধারা ৭৬(৫) এর কপি।
- ৯ প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়: Outsourcing of Manpower for different offices/divisions under Dhaka WASA (Package-22). শীর্ষক
ভৌতসেবার চুক্তির মেয়াদ ১২ (বার) মাস বৃদ্ধি প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয় ও ক্রমিক নং ১ হতে ৯ দয়া করে দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার আওতাধীন বিভিন্ন জোন/বিভাগ/দপ্তরে চাহিদার তুলনায় জনবল অপ্রতুল হওয়ায় আউটসোর্সিং ভিত্তিতে জনবল নিয়োজিত করার প্রয়োজনীয়তা দেখা দেয়া। তৎপেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অনুমোদনক্রমে আউটসোর্সিং মাধ্যমে ৭০ (সত্তর) জন জনবল নিয়োগ দেয়ার দরপত্র আহবান করা হয়। আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের জন্য উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে প্রতিযোগিতার মাধ্যমে সেবাদানকারী প্রতিষ্ঠান “রুটস ডেভেলপমেন্ট লিমিটেড” কে মনোনীত করা হয় (ক্রমিক নং- ১)। অত্র সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে গত ৩০/০৩/২০২৩ইং তারিখে ১ (এক) বছরের চুক্তি করা হয় (ক্রমিক নং- ২), যার চুক্তি মূল্য ছিল সর্বমোট টাঃ ১,৭৪,২৯,৭৪৩.০০ (এক কোটি চুয়াত্তর লক্ষ উনত্রিশ হাজার সাতশত তেতাল্লিশ) টাকা। গত ৩০/০৩/২০২৩ ইং তারিখে সেবাদানকারী প্রতিষ্ঠান “রুটস ডেভেলপমেন্ট লিমিটেড” কে কার্যাদেশপত্র দেয়া হয় (ক্রমিক নং-৩)। কার্যাদেশ শর্তমতে গত ০১/০৪/২০২৩ ইং তারিখ থেকে সেবাদানকারী প্রতিষ্ঠান তাদের জনবল ঢাকা ওয়াসায় নিয়োজিত করে। এখানে উল্লেখ্য যে কার্যাদেশ অনুযায়ী আগামী ৩১/০৩/২০২৪ তারিখে উক্ত চুক্তির মেয়াদ শেষ হবে। ঢাকা ওয়াসার বিভিন্ন দপ্তর/বিভাগ/জোনে বিভাগীয় কাজের স্বার্থে আউটসোর্সিং এর মাধ্যমে ৭০ (সত্তর) জন জনবল সরবরাহ কাজের চুক্তির মেয়াদ বৃদ্ধি করা জরুরীভাবে প্রয়োজন।

২। সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তির মেয়াদ বৃদ্ধি করার জন্য এবং সেবাদানকারী প্রতিষ্ঠানের সেবার মূল্যায়ন পর্যালোচনা করার জন্য বিভিন্ন মডস জোনে নিয়োজিতকৃত জনবলের ত্রৈমাসিক কার্যমূল্যায়নের প্রতিবেদন দেখা যেতে পারে। প্রতিটি মডস জোন/বিভাগ/দপ্তরে ত্রৈমাসিক কার্যমূল্যায়নের প্রতিবেদন সন্তোষজনক। উক্ত কাজের চুক্তির মেয়াদ বৃদ্ধির বিষয়ে **পাবলিক প্রকিউরমেন্ট রুল (পিপিআর) - ২০০৮ এর বিধি ৭৬ (৫) মোতাবেক, ‘ভৌতসেবা প্রদানকারীর সাথে সম্পাদিত চুক্তি, সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপূর্বক, বছর ভিত্তিক বাতদাপেক্ষা স্বল্পতর সময়ের জন্য বৃদ্ধি করা যাবে, যদি প্রতিযোগিতার ভিত্তিতে উক্ত সেবাপ্রদানকারীকে কার্যাদেশ প্রদান করা হয়ে থাকে এবং ইতঃপূর্বকার চুক্তি অনুযায়ী প্রদত্ত সেবা সন্তোষজনকভাবে প্রতিপালিত হয়’ (ক্রমিক নং - ৮)।** যেহেতু, আউটসোর্সিং এর মাধ্যমে ৭০ (সত্তর) জন জনবল সরবরাহ এর কাজটি উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ করে সেবাদানকারী প্রতিষ্ঠান “রুটস ডেভেলপমেন্ট লিমিটেড” কার্যাদেশ প্রদান করা হয় এবং গত এক বছরে ঠিকাদারী প্রতিষ্ঠানকর্তৃক নিয়োজিত জনবলের কার্যমূল্যায়ন (ক্রমিক নং-৪) সন্তোষ জনক হওয়ায় পিপিআর-২০০৮ এর ধারা ৭৬(৫) মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতি অনুযায়ী চুক্তি ১২ (বার) মাসের জন্য বৃদ্ধি করা যেতে পারে। চুক্তি বৃদ্ধির ব্যাপারে মতামত জানতে চেয়ে সেবাদানকারী প্রতিষ্ঠান “রুটস ডেভেলপমেন্ট লিমিটেড” পত্র দেওয়া হলে তারা তাদের সম্মতিজ্ঞাপন করে (ক্রমিক নং-৫ ও ৬)।

৩। অনুচ্ছেদ ১ থেকে ৩ এর প্রেক্ষিতে ১২ (বার) মাস চুক্তির মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। সেই মোতাবেক ১২ (বার) মাস হিসাবে ঠিকাদারের লভ্যাংশ ও ভ্যাট যুক্ত করে ট ১,৭৪,২৯,৭৪৩.০০ (এক কোটি চুয়ান্ন লক্ষ ঊনত্রিশ হাজার সাতশত তেতাল্লিশ) টাকার একটি প্রাক্কলন প্রস্তুতকরতঃ উপস্থাপন করা হইয়াছে (ক্রমিক নং-৯)। আউটসোর্সিং এ বিভিন্ন পদে জনবলের সেবা মূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ-বিভাগ অর্থ, মন্ত্রনালয় কর্তৃক জারীকৃত পরিপত্রে নির্ধারণকৃত ক্যাটাগরি-১-৫ এ উল্লিখিত মাসিক সেবামূল্য অনুসরণ করা হইয়াছে (ক্রমিক নং-৮ (পরিপত্র))। সেবাদানকারী প্রতিষ্ঠান “রুটস ডেভেলপমেন্ট লিমিটেড” এর বর্তমান চুক্তি অনুযায়ী ঠিকাদারের লভ্যাংশ (Tenderer's Commission) ৫% ধরা করা হইয়াছে। তাছাড়া প্রয়োজনের ভিত্তিতে Future unseen এর জন্য ১০.০০ লক্ষ টাকা ধরা হইয়াছে, যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে ব্যয় নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজের স্বার্থে দরপত্র দলিলের Authorized Representative of Employer হিসাবে সচিব, ঢাকা ওয়াসা কর্তৃক সম্পাদিত হইবে। উল্লেখ্য যে, উক্ত ব্যয়ভার ঢাকা ওয়াসার রাজস্ব বাজেটের “আউটসোর্সিং সার্ভিস প্রকিউরমেন্ট খাত” থেকে বহণ করা যাইতে পারে।

৪। এমতাবস্থায়, পূর্ব পৃষ্ঠার নোট অনুচ্ছেদ-১ থেকে ৩ এর বর্ণনালোকে ঢাকা ওয়াসার বিভিন্ন দপ্তর/বিভাগ/জেনে আউটসোর্সিং এর মাধ্যমে জনবলের মেয়াদ ১২ (বার) মাসের জন্য বৃদ্ধি করার লক্ষ্যে নিম্নোক্ত বিষয় অনুমোদন করা যাইতে পারে।

ক) Outsourcing of Manpower for different offices/divisions under Dhaka WASA (Package-22). শীর্ষক চুক্তির মেয়াদ “রুটস ডেভেলপমেন্ট লিমিটেড” এর সহিত পিপিআর-২০০৮ এর বিধি ৭৬ (৫) মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতি অনুযায়ী ০১/০৪/২০২৪ হতে ৩১/০৩/২০২৫ পর্যন্ত ১২ (বার) মাসের জন্য বৃদ্ধির অনুমোদন।

খ) ১,৭৪,২৯,৭৪৩.০০ (এক কোটি চুয়ান্ন লক্ষ ঊনত্রিশ হাজার সাতশত তেতাল্লিশ) টাকার প্রাক্কলিত ব্যয় অনুমোদন।

গ) উক্ত ব্যয়ভার ঢাকা ওয়াসার রাজস্ব বাজেটের “আউটসোর্সিং সার্ভিস প্রকিউরমেন্ট” খাত থেকে ব্যয়ের অনুমোদন।

HA

Hm28

AS(A-1)

DS(A-1)

Admin
08/01/2024
সচিব

MD Sir

ok
08/01/24

DM (HR & Admin)
08/01/24